

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.১৯-৬৪৮(৩)

তারিখঃ ২২ বৈশাখ'১৪২৬
০৫ মে'২০১৯


বিষয় : পাইলটিং প্রকল্পের তালিকা প্রেরণ।

সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, আইসিটি সেল এর স্মারক নম্বর:-৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬. ১৭-৩৭
তারিখ: ০৪-০৫-২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারা অধিদপ্তরে ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় যে সমস্ত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের পাইলটিং বাস্তবায়ন করা হয়েছে, তার তথ্যাদি নিম্নোক্ত ছক মোতাবেক সদাশয় সরকারের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংক্ষেপে সনিয়ে প্রেরণ করা হলো।

ক্রমিক নং	পাইলটিং প্রকল্পের শিরোনাম	বাস্তবায়নের লোকেশন (স্থান)
১.	জামিনের তালিকার ইলেক্ট্রনিক ডিসপ্লে	কারা অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অংশ হিসেবে কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, গাজীপুরে জামিন/খালাসপ্রাপ্ত বন্দিদের নামের তালিকা এলইডি ডিসপ্লেতে প্রদর্শন কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। উল্লেখিত সেবাটি গত ১৩/০২/২০১৯ তারিখ হতে কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, গাজীপুরে চালু করা হয়েছে।
২.	ইন্টারকমের মাধ্যমে বন্দিদের সাক্ষাত	কারা অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ইন্টারকমের মাধ্যমে বন্দিদের সাক্ষাত এর পাইলটিং টাংগাইল জেলা কারাগারে শুরু করা হয়েছে এবং এপ্রিল/২০১৯ থেকে ইন্টারকমের মাধ্যমে বন্দিদের কথা বলা পুরোদমে শুরু হয়েছে।
৩.	আন্ট্রাভায়োলেট হিডেন সিল	কারা অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ১০-০৪-২০১৯ তারিখ হতে কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে হিডেন সিল ব্যবহারের পাইলটিং শুরু করা হয়েছে। বর্তমানে কুমিল্লা কেন্দ্রীয় কারাগারের কারাভ্যন্তরে বিভিন্ন নির্মাণ ও মেরামত কাজ করতে যাওয়া কর্মীদের মধ্যে হিডেন সিল ব্যবহার করা হচ্ছে।

সংযুক্ত: ছয় (০৬) পাতা।



মোঃ বিজলুর রশীদ
অতিরিক্ত কারা মহাপরিদর্শক(অঃদাঃ)
পক্ষে- কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

সচিব

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃ:আ: ক) যুগ্ম-সচিব (কারা)।

খ) সিনিয়র সহকারী-সচিব(অতিরিক্ত দায়িত্ব), আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ।

গ) সিনিয়র সহকারী-সচিব(প্রশাসন-১ শাখা)।